FEB. 19 2002

FEB. 18 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

# অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব সাউদার্ন কুইন্সল্যান্ডে পড়াশুনা

পাশ্চাত্য বিশেষত যুক্তরাষ্ট্রে ছাত্র ভিসার ক্ষেত্রে নানা প্রকার জটিলতার কারণে উচ্চ শিক্ষার বিকল্প স্থান হিসেবে অস্ট্রেলিয়াকে বেছে নেয়ার প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। এখানকার সামাজিক ব্যবস্থায় পাশ্চাত্যের উগ্রতা নেই। অস্ট্রেলিয়ার অন্যতম নামকরা বিশ্ববিদ্যালয় হচ্ছে দি ইউনিভার্সিটি অব সাউদার্ন কুইন্সল্যান্ড। ১৯৬৭ সালে প্রতিষ্ঠিত অস্ট্রেলিয়ার 'গার্ডেন সিটি' হিসেবে বিবেচিত টুউইমাতে অবস্থিত, যা প্রাদেশিক রাজধানী ব্রিসবেন হতে ৯০ মিনিট দূরত্বের মধ্যে। টুউইমা দু'বার সবচে' ভাল বসবাসোপযোগী সিটি হিসেবে নির্বাচিত। প্রায় ১৯,০০০ ছাত্র এখানে পড়াশোনা করে। এর মধ্যে ৫,০০০ ক্যাম্পাসে এবং বাকি দূরশিক্ষণে। এটি অস্ট্রেলিয়ার ১২তম বৃহত্তম বিশ্ববিদ্যালয়। USQ ২০০০-২০০১ সালে Australia University of the Year হিসেবে বিবেচিত হয়।

E-University হিসেবে এটি নেতৃস্থানীয়। বিশ্ববিদ্যালয়টির শিক্ষার মান অত্যন্ত উন্নত। এখান থেকে পাস করা ছাত্ররা বিভিন্ন স্তরে ভাল ভাল অবস্থানে নিজেদের ঠাঁই করে নিয়েছে। বিশ্ববিদ্যালয়টি ISO 9001 প্রাপ্ত বিধান এই বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী বিশ্ব স্বীকৃত।

প্রয়োজনে স্থানীয় প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের ঠিকানা : সিক্স সিজন্স ইন্টারন্যাশনাল, ১৩৬, এলিফেন্ট রোড (কেমপ্যাথ ল্যাবের দোতলায়), ঢাকা-১২০৫, বাংলাদেশ, ফোন : ৮৬২৯৬৩৫-৩৬, ফ্যাক্স : ৮৮-০২-৯৮৮১০৮১, ই-মেইল : sseasons@bol-online.com.

❑ আবু রুশদ